



বিষয়: বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব সোহেলী শিরীন আহমেদ
যুগ্মসচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়।
সভার স্থান : বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৭০৮-৭১০)
তারিখ : ২২.১২.২০২০ খ্রিস্টাব্দ
সময় : বেলা-১২.০০ ঘটিকা
সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট- 'ক'।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সহকারী প্রোগ্রামার ২০২০-২১ অর্থবছরের APA সূচকসমূহের নভেম্বর ২০২০ পর্যন্ত অগ্রগতি সভাকে অবহিত করেন। সভায় APA সূচকসমূহের নভেম্বর ২০২০ পর্যন্ত অগ্রগতি পর্যালোচনা করা হয়েছে, পর্যালোচনায় অধিকাংশ সূচকসমূহের অগ্রগতি সন্তোষজনক মর্মে সভায় উপস্থিত সকলে অভিমত ব্যক্ত করেন। “[৪.৩.৩] টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট, টেক্সটাইল ডিপ্লোমা ইনস্টিটিউট ও টেক্সটাইল কলেজ এর জন্য Prototype/নকশা প্রস্তুতকরণ” সূচকের বাস্তবায়ন অগ্রগতির প্রসঙ্গে সভায় উপস্থিত সিনিয়র সহকারী প্রধান জনাব শফিউর রহমান সভাকে জানান যে, প্রকল্পটির অগ্রগতি সন্তোষজনক এবং লক্ষ্যমাত্রা অনুসারে নির্দিষ্ট সময়ের মধ্যে কার্যক্রম সম্পন্ন করা হবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন। এছাড়া [৫.২] পাট আইন, ২০১৭ এর বিধিমালা চূড়ান্তকরণের অগ্রগতি অবহিত করার জন্য সংশ্লিষ্ট শাখায় পত্র প্রদান করা যেতে পারে মর্মে সভায় উপস্থিত সকলে একমত পোষণ করেন।

০২. ২৫.১১.২০২০ তারিখের সভার সিদ্ধান্ত ও বাস্তবায়ন অগ্রগতি:

ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
ক.	দ্বিতীয় প্রান্তিক শেষ হওয়ার পরবর্তী ৭ (সাত) দিনের মধ্যে প্রমাণকসহ প্রতিবেদন বাজেট অধিশাখায় প্রেরণের জন্য পত্র প্রেরণ করা;	দ্বিতীয় প্রান্তিক শেষ হওয়ার পরবর্তী ৭ (সাত) দিনের মধ্যে প্রমাণকসহ প্রতিবেদন বাজেট অধিশাখায় প্রেরণের জন্য ২৯.১১.২০২০ তারিখে মন্ত্রণালয়ের সকল অনুবিভাগ/অধিশাখা/শাখা-কে পত্র প্রেরণ করা হয়েছে।
খ.	গত ১৮.১১.২০২০ তারিখে অনুষ্ঠিত পিপিপি বিষয়ক কর্মশালার রেকর্ড অব নোটস এর ছায়ালিপি চেয়ারম্যান, বিটিএমসি-তে প্রেরণ করতে হবে।	গত ১৮.১১.২০২০ তারিখে অনুষ্ঠিত পিপিপি বিষয়ক কর্মশালার রেকর্ড অব নোটস এর ছায়ালিপি গত ৩০.১১.২০২০ তারিখে চেয়ারম্যান, বিটিএমসি বরাবর প্রেরণ করা হয়েছে।

০৩. সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

- ক. পাট আইন, ২০১৭ এর বিধিমালা চূড়ান্তকরণের অগ্রগতি জানতে চেয়ে সংশ্লিষ্ট শাখা-কে পত্র প্রেরণ করা;
খ. ষান্মাসিক মূল্যায়ন প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।

০৪. সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২৪.১২.২০২০
(সোহেলী শিরীন আহমেদ)
যুগ্মসচিব
ও
টিম লিডার, এপিএ কমিটি
বস্ত্র ও পাট মন্ত্রণালয়

স্মারক নং-২৪.০০.০০০০.১২১.০৫.০৩৭.২০(২য় খন্ড) . ৩৬৪

তারিখঃ ২৪.১২.২০২০খ্রি.

সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

- ০১। যুগ্মসচিব (বাজেট), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। যুগ্মসচিব (বেওবি), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। যুগ্মসচিব (পারিকল্পনা অধিশাখা), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। সিনিয়র সহকারী প্রধান (পারিকল্পনা-১), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৭। সহকারী প্রোগ্রামার, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৮। সিস্টেম এনালিস্ট, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

 28/12/2020

(ড. মো: রফিকুল ইসলাম)
উপসচিব

ফোনঃ ৯৫৭৬৫৪৬

budget.motj@gmail.com